

## ধানের পাতা ব্লাস্ট রোগের সতর্কীকরণ Early Warning for Rice Leaf Blast Disease

বর্তমানে সারা দেশে যে আবহাওয়া বিরাজ করছে এবং ধান গাছ তার বৃদ্ধির যে পর্যায়ে আছে তাতে পাতা ব্লাস্ট রোগ দেখা দেওয়ার সমূহ সম্ভাবনা আছে। বিশেষ করে ব্রি ধান৫০, ব্রি ধান৬৩ সহ সরু ও সুগন্ধি জাতে পাতা ব্লাস্ট রোগ বেশী হয়।

### পাতা ব্লাস্ট রোগের লক্ষণঃ

আক্রান্ত পাতায় প্রথমে ক্ষুদ্র ক্ষুদ্র দাগ দেখা যায়। আস্তে আস্তে তা বড় হয়ে মাঝখানটা ধূসর বা সাদা ও কিনারা বাদামি রং ধারণ করে। দাগগুলো একটু লম্বাটে হয় এবং দেখতে অনেকটা চোখের মত। একাধিক দাগ মিশে গিয়ে শেষ পর্যন্ত পুরো পাতাটিই মারা যেতে পারে।



চিত্র: পাতা ব্লাস্ট রোগে আক্রান্ত ধান গাছ।

### পাতা ব্লাস্ট রোগ দমনে করণীয়ঃ

- পাতা ব্লাস্ট রোগ দেখা দিলে জমিতে পানি ধরে রাখতে হবে।
- পাতা ব্লাস্ট রোগ দেখা দিলে বিঘা প্রতি অতিরিক্ত ৫ কেজি পটাশ সার উপরি প্রয়োগ করতে হবে।
- পাতা ব্লাস্ট রোগের প্রাথমিক অবস্থায় প্রতি ৫ শতাংশ জমিতে ৮ গ্রাম ট্রুপার ৭৫ডব্লিউপি/দিফা ৭৫ডব্লিউপি, অথবা ৬ গ্রাম নাটিভো ৭৫ডব্লিউজি, অথবা ট্রাইসাইক্লোজল/স্ট্রবিন গুপের অনুমোদিত ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় ১০ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে বিকালে ৫-৭ দিন অন্তর দু'বার প্রয়োগ করতে হবে। এখানে উল্লেখ্য যে পাতা ব্লাস্ট রোগ দমনের জন্য আগাম ছত্রাকনাশক প্রয়োগ করার প্রয়োজন নাই। প্রাথমিক লক্ষণ দেখার সাথে সাথেই প্রয়োগ করতে হবে।



প্রচারে: উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর ১৭০১

বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহ /  
নিকটস্থ কৃষি সম্প্রসারণ অফিস (ডিএই) যোগাযোগ করুন।

কয়েকটি জরুরি ফোন নম্বর ও ওয়েবসাইট: ০২-৪৯২৭২০০৫-১৪ এক্স. ৩৮৯ অথবা মোবাইল: ০১৭১১-১৬০০৪১ (নাগরিক তথ্য  
সেবা ও সহায়ক কেন্দ্র, ব্রি, গাজীপুর); ০২-৪৯২-৭২০৫৪ (উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর); [www.brri.gov.bd](http://www.brri.gov.bd)